# বিদেশগামী জনশক্তিকে রক্ষা করতে হবে, দালাল প্রতারণা বড় বাধা: প্রধান উপদেষ্টা



সংগৃহীত ছবি

অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস বলেছেন, বিদেশে জনশক্তি রফতানির ক্ষেত্রে দালালদের প্রতারণা প্রধান বাধা। বাংলাদেশি শ্রমিকদের সুরক্ষা ও বৈধ প্রক্রিয়ার মাধ্যমে কর্মসংস্থান নিশ্চিত করতে সরকার এবং সামাজিক প্রতিষ্ঠানগুলোর পদক্ষেপ জরুরি।

বুধবার (১৭ ডিসেম্বর) আন্তর্জাতিক অভিবাসী দিবস ও জাতীয় প্রবাসী দিবস–২০২৫ উপলক্ষে ওসমানী স্মৃতি মিলনায়তনে আয়োজিত অনুষ্ঠানে প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস বিদেশগামীদের সুরক্ষার গুরুত্বে গুরুত্বারোপ করেন। তিনি বলেন, “দালালদের থেকে বের না হওয়া পর্যন্ত কোনো কার্যক্রমই সফল হবে না। আজকের বিশ্ব দালাল বেষ্টিত, এবং সরকারের জন্য এটি চ্যালেঞ্জের কারণ। সরকারের ভিতরে ঢোকারও দালালদের প্রভাব অনেক বেশি।”

ড. ইউনূস আরও জানান, মধ্যপ্রাচ্যসহ বিভিন্ন দেশে বাংলাদেশ থেকে যাওয়া শ্রমিকদের কাগজপত্র বৈধ নয়, অনেকটাই ভুয়া হওয়ায় ওই দেশগুলো বাংলাদেশ থেকে শ্রমশক্তি গ্রহণ বন্ধ রেখেছে। তিনি বলেন, “বিভিন্ন দেশ তেলের খনি পেয়ে সমৃদ্ধ হয়েছে। আমাদের দেশের সবচেয়ে বড় সম্পদ হলো তরুণ জনশক্তি। এটি সোনার চেয়েও মূল্যবান। তাদেরকে মাটি ভেবে ফেলে রাখা যাবে না, বরং সঠিকভাবে ব্যবহার করতে হবে।”

তিনি সমালোচনামূলকভাবে উল্লেখ করেন, সারা পৃথিবীতে তরুণদের অভাব রয়েছে, আর বাংলাদেশের তরুণ জনগোষ্ঠী হলো এক বিশাল সম্ভাবনার খনি। এই সম্ভাব্য মানবসম্পদ সঠিকভাবে ব্যবহারের মাধ্যমে দেশ ও বিশ্বের জন্য গুরুত্বপূর্ণ অবদান রাখা সম্ভব।

LENS ASIA